/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
লালমনিরহাট সদর, লালমনিরহাট।
www.acl.sadar.lalmonirhat.gov.bd

স্মারক: ৩১.৪৭.৫২৫৫.০০৩.০২.০১৬.২২.২১৭

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
১০ মার্চ ২০২৪

## ১৪৩১-১৪৩৩ বাংলা সনের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি (দ্বিতীয় বার)

এতদ্বারা লালমনিরহাট সদর উপজেলার অনুর্ধ্ব ২০ (বিশ) একরের নিম্নের আয়তনবিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি, গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) এর সংগঠন/সমিতিসমূহের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে।

### ইজারাযোগ্য জলমহালসমূহ

| ক্র. নং | জলমহালের নাম | মৌজার নাম | আয়তন (একর) | সরকারি ইজারা মূল্য | আবেদন দাখিলের তারিখ | ইজারার প্রকৃত মেয়াদ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ভেকতলির বিল | তিস্তা | ১০.৩৯ | ৬৪,৫৭৫/- | ০৬ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ (২০/০৩/২০২৪ খ্রি. | ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ (১৪/০৪/২০২৪ খ্রি. থেকে ১৩/০৪/২০২৭ খ্রি. তারিখ) পর্যন্ত |
| ২. | হরিণচড়া ১নং পুকুর | হরিণচড়া | ৪.২৪ | ৩৪,৬৫০/- | | |
| ৩. | হরিণচড়া ২নং পুকুর | হরিণচড়া | ৫.১৯ | ৪৮,৮২৫/- | | |
| ৪. | হরিণচড়া ৩নং পুকুর | হরিণচড়া | ১.৮৪ | ১৭,৩২৫/- | | |
| ৫. | হরিণচড়া ৬নং পুকুর | হরিণচড়া | ১.৩৮ | ১৭,৩২৫/- | | |
| ৬. | বাঁশদহ ৯নং আমসাগর পুকুর | বাঁশদহ | ১০.৫০ | ৮৫,০৫০/- | | |
| ৭. | বাঁশদহ ১০নং পুকুর | বাঁশদহ | ৩.২১ | ২৬,৭৭৫/- | | |
| ৮. | বাঁশদহ ১১নং পুকুর | বাঁশদহ | ২.৪০ | ১৪,১৭৫/- | | |
| ৯. | বাঁশদহ ১২নং পুকুর | বাঁশদহ | ১.৩৮ | ৯,৪৫০/- | | |
| ১০. | বাঁশদহ ১৩নং পুকুর | বাঁশদহ | ২.৮০ | ১৭,৩২৫/- | | |
| ১১. | বাঁশদহ ১৪নং পুকুর | বাঁশদহ | ৩.১২ | ১৮,৯০০/- | | |

**প্রয়োজনীয় শর্তাবলী:**

১. নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি, গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) এর সংগঠন/সমিতিসমূহের আগামী ২০/০৩/২০২৪ খ্রি. (০৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ) তারিখে স্থাপিত দরপত্র বাক্সে আবেদনপত্র দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের সুযোগ নেই।

২. দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি এবং আবেদন ক্রয়ের ৫০০/- টাকার চালানের মূল কপি সিলগালাকৃত মুখ বন্ধ খামে অফিস চলাকালে উপজেলা ভূমি অফিস সদর, লালমনিরহাট এ নির্ধারিত সিলগালাকৃত দরপত্র বাক্সে আগামী ২০/০৩/২০২৪ খ্রি. (০৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ) তারিখে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। ইজারা প্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারা মূল্যের সাথে উক্ত জামানতের টাকা সমন্বয় করা হবে।

৩. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী লালমনিরহাট সদর উপজেলাধীন নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি, গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) এর সংগঠন/সমিতিসমূহ জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি/সংগঠন অবেদন করতে পারবে না।

৪. দাখিলকৃত আবেদনের সাথে মৎস্যজীবী সংগঠন বা সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী, বিগত দুই বছরের অডিট রিপোর্ট, নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যগণের নামের তালিকা ও সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের এফ.আই.ডি কার্ডের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), গঠনতন্ত্রের কপি, ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু পরিকল্পনা/রূপরেখা ইত্যাদি কাগজ পত্র সংযোজন করতে হবে।

৫. কোন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি, গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) এর সংগঠন/সমিতিসমূহ ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

৬. দরপত্রের সাথে জামানত বাবদ প্রদত্ত দরের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে (যে কোন তফসিলি ব্যাংক থেকে) উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট বরাবর দাখিল করতে হবে।

৭. জলমহাল ইজারা কমিটি কর্তৃক অনুমোদনক্রমে সর্বোচ্চ বৈধ দরপত্র গ্রহণ করা হবে।

৮. দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

৯. অনুমোদিত দরদাতা সমিতিকে সরকারি বিধি মোতাবেক স্থিরকৃত মূল্যের অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% আয়কর সর্বমোট ২৫% অর্থ প্রদান করতে হবে।

১০. দরদাতা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি, গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) এর সংগঠন/সমিতিসমূহের নিবন্ধনকৃত সনদপত্রের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১১. দরদাতা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি, গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) এর সংগঠন/সমিতিসমূহের কোন সদস্যের নিকট কোন ঋণ প্রদানকারী সংস্থা কর্তৃক প্রদত্ত ঋণের খেলাপী টাকা পাওনা থাকলে কিংবা কোন আদালতে মামলা চলমান থাকলে তাদের দরপত্র বিবেচনা করা হবে না।

১২. জলমহাল ইজারা আবেদন করার ক্ষেত্রে ৫০০/- টাকা অফেরতযোগ্য নির্দিষ্ট ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র সংগ্রহ পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে শর্তানুযায়ী আবেদন দাখিল করতে হবে।

১৩. ইজারা মূল্যের এক বছরের ইজারা অর্থ, মূল্য সংযোজন কর (ভ্যাট) ও আয়কর এর অর্থ আদায়ের পর প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বেই ইজারাদার সমিতিকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতীত দখল হস্তান্তর করা হবে না।

১৪. কোন কারণবশত ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারা গ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তির সকল জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

১৫. ইজারাকৃত জলমহাল কোনভাবেই সাব-লিজ দেয়া যাবে না সাব-লীজ দিলে কিংবা ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৬. জলমহালসমূহ রক্ষণাবেক্ষণের দায়িত্ব ইজারাদারের এবং জলমহালের কোন প্রকার ক্ষতির জন্য ইজারাদার দায়ী থাকবেন।

১৭. ইজারা মেয়াদের দ্বিতীয় বছর এবং পরবর্তী বছরসমূহের ইজারা মূল্য বছর শুরু হওয়ার পূর্বেই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়সূচী অনুযায়ী ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল হবে এবং জলমহাল নতুন করে ইজারা দেয়া হবে বা বছরের অবশিষ্ট সময়ের জন্য খাস আদায়ের কার্যক্রম গ্রহণ করা হবে।

১৮. জলমহাল সুষ্ঠুভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা কমিটি কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হবে।

১৯. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারা গ্রহীতাগণ মেনে চলতে বাধ্য থাকবেন।

২০. ইজারা কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আব্দুল্লাহ আল-নোমান-সরকার)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালমনিরহাট সদর, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
লালমনিরহাট সদর, লালমনিরহাট।
www.acl.sadar.lalmonirhat.gov.bd

স্মারক: ৩১.৪৭.৫২৫৫.০০৩.০২.০১৬.২২.২১৯(৮) তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০ / ১০ মার্চ ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, লালমনিরহাট-৩
২. জেলা প্রশাসক, লালমনিরহাট
৩. পুলিশ সুপার, লালমনিরহাট
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
৫. উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
৬. অফিসার ইনচার্জ, লালমনিরহাট সদর থানা, লালমনিরহাট
৭. উপজেলা ..........................., কর্মকর্তা, লালমনিরহাট সদর, লালমনিরহাট
৮. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, লালমনিরহাট শাখা, লালমনিরহাট
৯. চেয়ারম্যান (সকল) ইউপি, লালমনিরহাট সদর, লালমনিরহাট। উল্লিখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১০. জনাব, ................................., সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লালমনিরহাট সদর, লালমনিরহাট
১১. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস (সকল), লালমনিরহাট সদর, লালমনিরহাট। উল্লিখিত বিজ্ঞপ্তিটি স্থানীয় সকল হাট-বাজারে ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো
১২. অফিস কপি

(মোঃ আব্দুল্লাহ আল-নোমান-সরকার)
সহকারি কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালমনিরহাট সদর, লালমনিরহাট